## **Times Today BD**

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 21 April, 2025

দাবি না মানা পর্যন্ত একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম অনিদিষ্ট কালের জন্য শাটডাউন কর্মসূচি পালন করছে সুনামগঞ্জ মেডিকেল কলেজের শিক্ষার্থীরা।

আজ সোমবার সকাল ৯ টায় মেডিকেল কলেজের প্রশাসনিক ও একাডেমি ভবনের ফটকে তালা দিয়ে রক্তাক্ত প্রতীকি এপ্রোন ঝুলিয়ে দিয়ে বিক্ষোভ করছে আন্দোলনকারীরা।গত ৬ দিন ধরে ক্লাস বর্জন করে কর্মসূচি পালন করছে শিক্ষার্থীরা

পরে ফটকের সামনে কালোব্যাজ ধারন করে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেন শিক্ষার্থীরা। এসময় তারা তাদের উপর হামলা নিন্দা জানিয়ে বিভিন্ন স্লোগান দেন।

শিক্ষার্থীরা জানান, পর্যাপ্ত ওয়ার্ড সুবিধা ও হাসপাতাল চালুর জন্য করণীয় বিষয়ে সুনিদিষ্ট রোড ম্যাপ মন্ত্রণালয় থেকে দিতে হবে।শিক্ষার্থীদের কর্মসূচিতে হামলা বিচারের পাশাপাশি দাবি না মানা পর্যন্ত একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম অনিদিষ্ট কালের জন্য শাটডাউন কর্মসূচি পালন করবেন শিক্ষার্থীরা।

এর আগে পর্যাপ্ত ওয়ার্ড সুবিধা প্রদান হাসপাতাল চালুর দাবিতে রবিবার সকালে দ্বিতীয় দিনের মতে সিলেট সুনামগঞ্জ সড়কের মদনপুর এলাকায় সড়ক অবরোধ করে মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। এসময় সেনাবাহিনী এসে অবরোধ তুলে নিতে অনুরোধ জানালেও শিক্ষার্থীরা তাদের অবরোধ কর্মসূচি অব্যাহত রাখেন।এক পর্যায়ে আন্দোলনকারী শিক্ষার্থীদের সড়ক থেকে সরিয়ে দেয় সেনাবাহিনী।সেনাবাহিনী লাঠিচার্জ করলে সড়ক থেকে সরে দাঁড়ায়

## মেডিকেল কলেজের শিক্ষার্থীরা।

গেল ১৫ এপ্রিল থেকে ক্লাস বর্জন করে মানববন্ধন, স্মারকলিপি ও অবরোধ কর্মসূচি পালন করছেন শিক্ষার্থীরা।

মেডিকেল কলেজ শিক্ষার্থী হাসপাতাল সেনাবাহিনী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:56

URL: https://timestodaybd.com/across-the-country/1163286461